

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চিকনাগুল,
সিলেট

বিষয়ঃ কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)/অভিযোগ প্রতিকার বিষয়ে
সেবা গ্রহীতা/অংশীজনের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি প্রকৌঃ মোঃ ফারুক হোসেন
কোম্পানি সচিব ও আহ্বায়ক (সিটিজেন চার্টার) ও ফোকাল পয়েন্ট, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)।
সভার তারিখ: ২৫-০৫-২০২১
সভার সময়: বেলা ১১.০০ ঘটিকায়
স্থান: অনলাইন
উপস্থিতি: রেকর্ডেড

সভার শুরুতে সভাপতি এবং কোম্পানির সিটিজেন চার্টার কমিটির আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট (অভিযোগ প্রতিকার ব্যবস্থা) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় কোম্পানির বিদ্যমান সিটিজেন চার্টার কমিটির নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

| | | |
|----|--|---------------|
| ১। | জনাব মোঃ ফরিদুল হদা ব্যবস্থাপক ও কোম্পানি এফেয়ার্স | ফোকাল পয়েন্ট |
| ২। | জনাব জি এম তারেক ব্যবস্থাপক ও ইনচার্জ, হিসাব ডিপার্টমেন্ট | সদস্য |
| ৩। | প্রকৌঃ এ কে এম জসীম উদ্দিন ব্যবস্থাপক, সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট | সদস্য |
| ৪। | জনাব মোঃ তরিকুল ইসলাম ব্যবস্থাপক, লিড এন্ড পেনশন | সদস্য |
| ৫। | প্রকৌঃ মোঃ মিজানুর রহমান উপব্যবস্থাপক, কারিগরি, এলপিএম ডিভিশন | সদস্য |

২। সভায় কোম্পানি হতে বর্তমানে পিআরএল ও পেনশনে ভোগরত কর্মকর্তাদের সহিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)/অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রদান বিষয়ে বিস্তারিত আলোকপাত করা হয়। আলোচনায় এসজিএফএল হতে পিআরএল এবং পেনশন ভোগরত নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেনঃ

| | | |
|----|------------------------------|--|
| ১। | জনাব মোঃ ইকরামুল কবীর চৌধুরী | সাবেক মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) |
| ২। | জনাব আমীর আজম চ্যাধুরী | সাবেক মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব |
| ৩। | প্রকৌঃ আবদুল কাদির | সাবেক মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) |
| ৪। | জনাব মোঃ মোজাম্মেল হক খাঁন | সাবেক উপমহাব্যবস্থাপক (ক্রয়) |
| ৫। | জনাব মোঃ সিরাজুল্লাহ | সাবেক উপমহাব্যবস্থাপক (সিভিল) |
| ৬। | জনাব মোঃ শাহজাহান খাঁন | সাবেক উপমহাব্যবস্থাপক (সিভিল) |
| ৭। | জনাব ইয়ার আহমেদ বাবুল | সাবেক ব্যবস্থাপক (ট্রান্সপোর্ট) |
| ৮। | জনাব কামরুল ইসলাম লিটু | সাবেক ব্যবস্থাপক (প্রশাসন) |

৩। এছাড়া কোম্পানির হিসাব ও অর্থ ডিভিশন এর পেনশন শাখায় কর্মরত উপব্যবস্থাপক (পেনশন, পিএফ, বিপিপিএফ ও গ্র্যাচুইটি) জনাব মোঃ আনোয়ার হোসেন, উক্ত সভায় অংশ গ্রহণ করেন। সভাপতি সংশ্লিষ্টদের অবহিত করেন যে, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির (এপিএ) কর্মপরিকল্পনায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)/অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রদান বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনের সহিত অবহিতকরণ সভা আয়োজনের অংশ হিসেবে অত্র কোম্পানি হতে পিআরএল ও পেনশনে ভোগরত কর্মকর্তাদের সহিত ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত কোম্পানির পিআরএল ও পেনশন-এ ভাগরত কর্মকর্তাগণ এ ধরনের সভা আয়োজন করায় সংশ্লিষ্টদের/আয়োজকদের ধন্যবাদ প্রদান করেন এবং নিম্ন বর্ণিত সেবা প্রদান/অভিযোগ প্রদান বিষয়ে অভিমত ব্যক্ত করেনঃ



পেনশন-এ ভাগরত কর্মকর্তাগণ এ ধরনের সভা আয়োজন করায় সংশ্লিষ্টদের/আয়োজকদের ধন্যবাদ প্রদান করেন এবং নিম্ন বর্ণিত সেবা প্রদান/অভিযোগ প্রদান বিষয়ে অভিমত ব্যক্ত করেনঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত |
|--------------|--|---|
| ১। | মাসিক পেনশন প্রদান করণ এবং পেনশন এর টাকা সরাসরি ব্যাংক একাউন্ট-এ প্রদান করণ;; | প্রতি মাসের ১ তারিখ হতে ৫ তারিখের মধ্যে সরাসরি ব্যাংক একাউন্টএ বেতন/ভাতাদি প্রদানের জন্য সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হবে। |
| ২। | অন্যান্য পাওনাদি/বোনাস ইত্যাদি পরিশোধ করণ; | যথাসময়ে/দ্রুত পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হবে। |
| ৩। | পেনশনারদের আর্থিক অবস্থা বিবেচনায় নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের ন্যায় করোনা মহামারীকালীন আর্থিক প্রণোদনা/উৎসাহ বোনাস দেয়ার বিষয়টি বিবেচনার অনুরোধ জানান। | পেট্রোবাংলার অধীনস্থ কোন কোম্পানি এ-ধরনের বোনাস পেয়েছে কি না, পেয়ে থাকলে তার রেফারেন্স প্রদান করার জন্য সভাপতি আলোচনাকারীদের অনুরোধ করেন। |
| ৪। | পেনশনারদের প্রতি মাসে ফরমে স্বাক্ষর পূর্বক হাজিরা না দিয়ে বৎসরে ০১ (এক বার) হাজিরা নিশ্চিত করণ; | প্রতি মাসে ফরমে স্বাক্ষর পূর্বক হাজিরা না দিয়ে বৎসরে ০১ (এক) বার হাজিরা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হবে। |
| ৫। | এককালীন ফুল পেনশন এর জন্য মামলার রায় এর সর্বশেষ অবস্থা; | মামলাটি চলমান রয়েছে এবং দ্রুত রায়ের জন্য চেষ্টা চলছে। |
| ৬। | পেনশনে ভোগরত কর্মকর্তাগণ ইএফটি (Electronic Fund Transfer) এর মাধ্যমে পেনশনারগণের টাকা প্রদান বিষয়ে অভিমত ব্যক্ত করেন। | ইতোমধ্যে স্ব-স্ব পেনশনারগণের ব্যাংক হিসাবে বেতন/ভাতাদি প্রদান করা হচ্ছে। ইএফটি এর মাধ্যমে পেনশনারগণের টাকা প্রদান এর বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (প্রকৌঃ মোঃ ফারুক হোসেন)

অনুলিপিঃ

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- মহাব্যবস্থাপক (প্রশাসন)/(৩০০০ বিপিডি সিআরইউ প্রকল্প)/(হিসাব ও অর্থ)/(টিএস)/(অপারেশন)/(এলপিএম)/(পিএন্ডডি), এসজিএফএল।
- আহ্বায়ক, (এপিএ)/(নৈতিকতা কমিটি), এসজিএফএল।
- ফোকাল পয়েন্ট (এপিএ)/(ইনোভেশন)/সিটিজেন চার্টার।
- নথি।